

'ভালো' স্কুলে ভর্তি করাতে অভিভাবকদের ছোট্ট ছুটি

মোশতাক আহমেদ ●

শেষ দিন।

ফজলুর রহমান রাজধানীর কদমতলী এলাকার একটি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক। কিন্তু তিনি তাঁর বৈয়াক পড়াতে চান তিকারুননিসা নূন ফুল আড কলেজে। এ জন্য গতকাল বুধবার রাজধানীর বৈইলি রোডে ফুলটির মূল ক্যাম্পাসে এসে ভর্তি ফরম সংগ্রহ করেছেন।

একই ক্যাম্পাসে কাজী এমদাদুল হক এনেছিলেন জাগণির জন্য ভর্তির ফরম কিনতে। গতবারও ফরম কিনেছিলেন, কিন্তু লটারিতে সুযোগ হয়নি। তাই এবারও ফরম কিনেছেন। তাঁর জাগণি ন্যাশনাল আইডিয়াল স্কুলে ভর্তি থাকলেও তাঁদের লক্ষ্য তিকারুননিসা পড়া।

ওথু এই দুই অভিভাবক নন, এ রকম হাজারো অভিভাবক এখন নিজেদের সন্তানকে একটি 'ভালো' শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তি করানোর জন্য একপ্রকার যুদ্ধে নেমেছেন। বছরের শেষ সময় এখন বিদ্যালয়গুলোতে ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। রাজধানীর ২৪টি সরকারি বিদ্যালয়ের ভর্তি কার্যক্রম আগামী ১ ডিসেম্বর থেকে শুরু হলেও 'ভালো মানের' বেসরকারি বিদ্যালয়গুলো ইতিমধ্যে ভর্তি কার্যক্রম শুরু করে দিয়েছে।

মেয়েদের জন্য অন্যতম ভালো বিদ্যালয় হিসেবে পরিচিত তিকারুননিসা নূন ফুল আড কলেজে প্রথম শ্রেণীতে ভর্তির জন্য ১০ নভেম্বর থেকে ফরম বিক্রি শুরু হয়েছে। গতকাল ছিল ফরম বিক্রির

পূর্তকাল বৈইলি রোডে এই বিদ্যালয়ের ক্যাম্পাসে গিয়ে দেখা যায়, লম্বা লাইন ধরে অভিভাবকেরা তাঁদের সন্তানদের জন্য ফরম কিনছেন। কলেজের অধ্যক্ষ মতুল আরা বেগম প্রথম অংশকে জানান, রাজধানীর চারটি ক্যাম্পাস থেকেই প্রথম শ্রেণীতে ভর্তির ফরম বিক্রি হয়েছে। তাঁদের বিদ্যালয়ের প্রথম শ্রেণীতে ভর্তিযোগ্য আসন আছে প্রায় দেড় হাজার। এসব আসনের বিপরীতে গত বুধবার পর্যন্ত ফরম বিক্রি হয় ১১ হাজার ২৭৬টি। অধ্যক্ষ জানান, ১৬ ও ১৭ নভেম্বর এই পিতাদের মধ্য থেকে প্রাথমিক বাছাই কাজ চলবে। এরপর বাছাই করা পিতাদের নিয়ে হবে লটারি। লটারির সম্ভাব্য তারিখ রাখা হয়েছে ২০, ২১ ও ২২ ডিসেম্বর। গতবারের মতো ম্যানগ্রান পদ্ধতিতে লটারি হবে।

মতিঝিল আইডিয়াল স্কুল, আড কলেজের অধ্যক্ষ শাহান আরা বেগম জানান, এ প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীতে ভর্তির জন্য ফরম বিক্রি শুরু হয়েছে গত সোমবার। চলবে ১৮ নভেম্বর (১৫ নভেম্বর বাদে) পর্যন্ত। ভর্তির জন্য লটারি হবে ৬ ও ৭ ডিসেম্বর। অধ্যক্ষ জানান, গত বুধবার পর্যন্ত প্রায় সাড়ে ১০ হাজার ফরম বিক্রি হয়েছে। ১৮ নভেম্বর পর্যন্ত আরও কয়েক হাজার ফরম বিক্রি হবে। অর্থ আসন আছে মাত্র ৬০০।

তবে এই বিদ্যালয়ের বিরুদ্ধে প্রথম পূর্ন আসন কম দেখিয়ে পরে আরও বেশি শিক্ষার্থী ভর্তির

অভিযোগ করুক বছর ধরে।

খিলগাঁওয়ের ন্যাশনাল আইডিয়াল স্কুলের একজন শিক্ষক জানিয়েছেন, আগামী ডিসেম্বর প্রথম সত্যাহার মধ্যে ভর্তি কার্যক্রম শেষ করার লক্ষ্য নিয়ে তাঁরা কাজ করছেন। উদয়ন স্কুলে ভর্তির ফরম বিতরণ শুরু হয় ২৪ নভেম্বর। চলবে ৩০ নভেম্বর পর্যন্ত।

নিয়মানুযায়ী ডিসেম্বরের মধ্যে ভর্তির কাজ শেষ করে ১ জানুয়ারি থেকে ক্লাস শুরু করতে হবে। এদিকে বেসরকারি বিদ্যালয়গুলোর জন্য এখনো নীতিমালা তৈরি করতে পারেনি শিক্ষা মন্ত্রণালয়। নাম প্রকাশে অনিচ্ছুক একজন শিক্ষক বলেন, শিক্ষা মন্ত্রণালয়ের অকম্পন কারণে নীতিমালা তৈরি হচ্ছে না। তবে শিক্ষা মন্ত্রণালয়ের একটি সূত্র জানিয়েছে, ১৯ নভেম্বর নীতিমালা নিয়ে বৈঠক হওয়ার কথা, সেখানে নীতিমালা চূড়ান্ত হবে।

২৪ সরকারি স্কুল: মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউপি) অধীন রাজধানীর ২৪টি সরকারি উচ্চবিদ্যালয়ের (প্রাথমিক স্তর সংযুক্তসহ) প্রথম থেকে নবম শ্রেণীতে ভর্তির ফরম বিক্রি শুরু হবে ১ ডিসেম্বর। চলবে ৯ ডিসেম্বর পর্যন্ত। এরপর প্রথম শ্রেণীতে ভর্তির লটারি অনুষ্ঠিত হবে ১৪ ডিসেম্বর। পরে বাকি শ্রেণীগুলোতে ভিনটি গুচ্ছ করে তিন দিনে (১৯, ২০ ও ২১ ডিসেম্বর) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। মাউপির সংশ্লিষ্ট কর্মকর্তারা এই তথ্য জানিয়েছেন।